আজকের কাগজ
তারিখ 26 AUG 1996
পৃষ্ঠা ১ কলাম ৪

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ধর্মঘটের মেয়াদ আরো বৃদ্ধি

বাইরোটেশানের ভিত্তিতে সকল বিভাগে চেয়ারম্যানশীপ প্রদানের দাবিতে ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের চলতি ধর্মঘটের মেয়াদ আগামী ২৮ আগস্ট পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ২৪ আগস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভায় সর্বসম্মতিক্রমে এই বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। জানা গেছে, দীর্ঘদিন ধরে জোর দাবি জানানো সত্ত্বেও বর্তমান উপাচার্য শিক্ষকদের দাবির প্রতি বৃদ্ধাঙ্গুলী প্রদর্শন করে শুধু মাত্র কয়েকটি বিভাগে উপাচার্যের পদ লেহী ব্যক্তিদের যোগ্যতার বিচার না করেই নিয়োগ দান করেছেন। যেটা যোগ্যতা সম্পন্ন অনেক শিক্ষকের ক্ষোভের কারণ হয়ে দাঁড়ায়। পরবর্তীতে সকল স্তরের শিক্ষকরা যৌথভাবে 'বাইরোটেশান'-এর ভিত্তিতে চেয়ারম্যানশীপ প্রদানের দাবি জানান। কিন্তু উপাচার্য বিষয়টি এড়িয়ে যান। ফলে শিক্ষকদের মধ্যে ক্ষোভ দানা বাধে এবং এরই পরিপ্রেক্ষিতে গত ১৯ আগস্ট থেকে ধর্মঘটের ডাক দেয়। অন্যদিকে উপাচার্য বিষয়টি নিয়ে মোটেই মাথা না ঘামানোর কারণে ২৪ আগস্ট শিক্ষকদের ধর্মঘটের প্রথম মেয়াদ শেষ হয় এবং শিক্ষকদের যৌথ সভায় দাবি না মানা পর্যন্ত আগামী ২৮ আগস্ট পর্যন্ত দ্বিতীয় দফা মেয়াদ বৃদ্ধি করে। এদিকে শিক্ষকদের ধর্মঘটকে কেন্দ্র করে বিভিন্ন মহল উপাচার্যকে দোষারোপ করেছেন। তারা উপাচার্যকে একটি বিশেষ দলের উত্তরাধিকার হিসেবে চিহ্নিত করে তাদের স্বার্থ রক্ষায় নিয়োজিত বলে অভিযোগ করেছে। এদিকে ছাত্রলীগ ইবি সভাপতি শামসুল ইসলাম জোহা স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে উপাচার্যকে নিন্দা করা হয়েছে। ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে আমানুর আমান।